**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**
**বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট**
**পুরাতন বন ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), ১০১ মহাখালী, ঢাকা-১২১২।**

**বিষয়ঃ বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের ২০২৪-২৫ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: রফিকুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট। |
| তারিখ | : | ৩০-০৯-২০২৪খ্রি:। |
| সময় | : | বেলা ১২:৩০ ঘটিকা। |
| স্থান | : | বিসিসিটি সম্মেলন কক্ষ। |
| পরিশিষ্ট-ক | : | উপস্থিত সদস্যবৃন্দ। |

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর সহকারী পরিচালক (পরিবীক্ষণ-১) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। তিনি জানান, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতাধীন শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০২৪-২৫ প্রণয়ন করে তা যথাসময়ে পরিবেশ ,বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

দাপ্তরিক ক্ষেত্রে নৈতিকতা সংশ্লিষ্ট বিষয় সমূহ সভায় আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নৈতিকতা বিষয়ক নিম্নোক্ত সাধারণ নির্দেশনা প্রদান করা হয়:

১. অফিস সময়সূচী অনুযায়ী সকল কর্মকর্তা-কর্মচারীর যথাসময় ও নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে, সংশ্লিষ্ট সকলের ডিজিটাল হাজিরা নিশ্চিত করতে হবে।
২. অফিসকক্ষে বিদ্যুতের সাশ্রয়ী ব্যবহার কল্পে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে।
৩. অফিস চলাকালীন সময়ে ব্যক্তিগত প্রয়োজনে ফেইসবুক, ইউটিউব সহ অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার হতে বিরত থাকতে হবে।
৪. পারস্পরিক শুদ্ধ ও পরিশীলিত ভাষা ব্যবহার করতে হবে।
৫. অফিসে হট্টগোল, হইচই হতে বিরত থাকতে হবে।

**বাস্তবায়নে:** বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের সকল কর্মকর্তা-কর্মচারী।

এরপর বিসিসিটির শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০২৩-২৪ অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও নির্দেশনা প্রদান করা হয়:

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তব |
|---|---|---|---|
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা**<br>১.১ নৈতিকতা কমিটির সভা<br>১.২নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন<br>১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা<br>১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন<br>১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি | সভায় বিসিসিটির শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২৪-২০২৫ এর প্রাতিষ্ঠানিক ব্যবস্থা বিষয়ে আলোচনা করা হয়। নির্দিষ্ট সময়ে নৈতিকতা কমিটির সভা আহবান ও সিদ্ধান্ত বাস্তবায়ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>সভায় জানানো হয় যে, ইতোমধ্যে অংশীজনের (stakeholders) অংশগ্রহণে গত ১৮.০৯.২০২৪ তারিখে ১ টি সভা হয়েছে। এ বিষয়ে টার্গেট অনুযায়ী চলতি অর্থবছরে ০৪টি অংশীজনের (stakeholder) অংশগ্রহণে সভা/ প্রকল্প পরিচালকদের সভা করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।<br>সহকারী পরিচালক (পরিবীক্ষণ-১) সভায় জানান যে, গত ১৯/০৯/২৪ তারিখে বিসিসিটি কমকর্তাদের অংশগ্রহণে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। টার্গেট অনুযায়ী ডিসেম্বর, ২৪ এর মধ্যে অপর ১ টি শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা হবে বলে জানান।<br>সভায় জানানো হয় যে, কর্ম-পরিবেশ উন্নয়ন এর ক্ষেত্রে পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করার বিষয়ে কাজ চলমান রয়েছে। এছাড়া, নথি বিনষ্টকরণ এর জন্য কমিটি গঠন করা হয়েছে মর্মে জানানো হয়। এ কার্যক্রম সমূহ সম্পাদনের বিষয়ে সভায় আলোচনা ও বাস্তবায়নের তাগিদ প্রদান করা হয়। | ১। নির্দিষ্ট সময়ে নৈতিকতা কমিটির সভা আহবান ও সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে।<br><br>২। চলতি অর্থবছরে ০৪টি অংশীজনের অংশগ্রহণে সভা অয়োজন করতে হবে।<br><br>৩। ডিসেম্বর, ২৪ এর মধ্যে শুদ্ধাচার সংক্রান্ত ২য় প্রশিক্ষণ আয়োজন করতে হবে।<br><br>৪। কর্ম-পরিবেশ উন্নয়ন এর ক্ষেত্রে নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। ফোকা ফয়ে ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা। |
| **২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন**<br>২.১ ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ<br>২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের)<br>২.৩ বাজেট বাস্তবায়ন<br>২.৪ প্রকল্পের PIC সভা আয়োজন<br>২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | সভায় জানানো হয় যে, বিসিসিটির ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা গত ৩০.০৭.২৪ তারিখে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। সভায় এ বিষয়ে বলা হয় যে, অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা এবং বাজেট এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিত কল্পে সংশ্লিষ্ট সকলকে তৎপর হতে হবে ও এ বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে।<br>বিসিসিটি কর্তৃক বাস্তবায়নাধীন এবং জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্প সমূহের PIC সভা যথাসময়ে আয়োজন নিশ্চিত করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।<br>জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাস্তবায়িত প্রকল্পের প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর বিষয়ে সভায় অলোচনা হয়। বিসিসিটির যে সমস্ত প্রকল্পে মালামালের সংস্থান রয়েছে সে সমস্ত প্রকল্প ৪র্থ কিস্তির অর্থ ছাড় করণের পূর্বে পরিদর্শন করে প্রতিবেদন প্রদান এবং তদানুযায়ী মালামাল ফেরতের ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। | ১। অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা এবং বাজেট এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিত কল্পে সংশ্লিষ্ট সকলকে তৎপর হতে হবে ও এ বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে।<br><br>২। বিসিসিটি কর্তৃক বাস্তবায়নাধীন এবং জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্প সমূহের PIC সভা যথাসময়ে আয়োজন নিশ্চিত করতে হবে।<br><br>৩। বিসিসিটির যে সমস্ত প্রকল্পে মালামালের সংস্থান রয়েছে সে সমস্ত প্রকল্প ৪র্থ কিস্তির অর্থ ছাড় করণের পূর্বে পরিদর্শন করে প্রতিবেদন প্রদান এবং তদানুযায়ী মালামাল ফেরতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। ফোকাল ফয়েন্ট ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা। |

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| **৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম**<br>৩.১ সরকারি যানবাহনে যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ<br>৩.২. বিসিসিটির কার্যক্রম ও সেবা প্রাপ্তির পদ্ধতি ব্যাপকভাবে প্রচারের লক্ষ্যে বিসিসিটির ফেইসবুক পেইজ বুস্টার/ প্রমোশন এর ব্যবস্থা গ্রহণ;<br>৩.৩. বিসিসিটি কার্যালয়ে কর্মকর্তা-কর্মচারী এবং আগত দর্শনার্থী/ সেবা প্রত্যাশীগণের হিট স্ট্রেস কমানোর জন্য সুপেয় পানি প্রদানের লক্ষ্যে বিশুদ্ধ পানির ফিল্টার স্থাপন;<br>৩.৪. বিসিসিটি কার্যালয়ে হেলথ কর্ণার স্থাপন (ফাস্ট এইড বক্স, জরুরী ঔষধ ইত্যাদি প্রদান এবং ফাস্ট এইড বিষয়ে ২ জন কর্মচারীকে প্রশিক্ষণ সহ) | সভায় বলা হয় যে, সরকারি যানবাহন যথাযথ ব্যবহার নিশ্চিত কল্পে সংশ্লিষ্ট সকলকে তৎপর হতে হবে ও এ বিষয়ে বিদ্যমান বিধি-বিধান, নিয়মকানুনের যথাযথ অনুসরণ নিশ্চিত করতে হবে। সভায় বলা হয় যে, বিসিসিটির কার্যক্রম ও সেবা প্রাপ্তির পদ্ধতি ব্যাপকভাবে প্রচারের লক্ষ্যে বিসিসিটির ফেইসবুক পেইজ বুস্টার/ প্রমোশন এর ব্যবস্থা গ্রহণের জন্য আইটি শাখায় পত্র দেওয়া হয়েছে। বিসিসিটি কার্যালয়ে হেলথ কর্ণার (ফাস্ট এইড বক্স, জরুরী ঔষধ ইত্যাদি প্রদান এবং ফাস্ট এইড বিষয়ে ২ জন কর্মচারীকে প্রশিক্ষণ সহ) স্থাপনের জন্য প্রশাসন শাখায় পত্র দেওয়া হয়েছে। তদানুযায়ী, কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভায় জানানো হয়। | ১। সরকারি যানবাহনে যথাযথ ব্যবহার নিশ্চিত কল্পে সংশ্লিষ্ট সকলে তৎপর রয়েছেন। এক্ষেত্রে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক যে সকল কর্মকর্তা গাড়ি ক্রয়ের জন্য সুদমুক্ত ঋণ পেয়েছেন এবং গাড়ি ক্রয় করেছেন তারা যাতে অফিসের গাড়ি ব্যবহার না করেন এ বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>২। বিসিসিটির কার্যক্রম ও সেবা প্রাপ্তির পদ্ধতি ব্যাপকভাবে প্রচারের লক্ষ্যে বিসিসিটির ফেইসবুক পেইজ বুস্টার/ প্রমোশন এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। বিসিসিটি কার্যালয়ে কর্মকর্তা-কর্মচারী এবং আগত দর্শনার্থী/ সেবা প্রত্যাশীগণের হিট স্ট্রেস কমানোর জন্য সুপেয় পানি প্রদানের লক্ষ্যে বিশুদ্ধ পানির ফিল্টার স্থাপনের বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>৪। বিসিসিটি কার্যালয়ে হেলথ কর্ণার স্থাপন (ফাস্ট এইড বক্স, জরুরী ঔষধ ইত্যাদি প্রদান এবং ফাস্ট এইড বিষয়ে ২ জন কর্মচারীকে প্রশিক্ষণ সহ) এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। ফোকাল ফয়েন্ট ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা। |

সভায় নির্দেশনা প্রদান করা হয় যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর সকল কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের স্বার্থে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের করতে হবে। অত:পর উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মো: রফিকুল ইসলাম)

ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)

বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট